



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০১(৮৯৪)জাতীয়বিঃপ্রশাঃ/২০১০(অংশ-৯)/১/৭৭০ তারিখ: ০১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহ্বান করা যাইতেছেঃ

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	পরিচালক (অনলাইন এডুকেশন) বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০(গ্রেড-৩) পদের সংখ্যা: ০১ (এক) বয়স: সর্বনিম্ন ৪৫ বৎসর	যে কোন বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর সন্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনপক্ষে ২য় বিভাগের স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী গ্রহণযোগ্য হইবে; এবং সরকারি বা বিধিবদ্ধ সংস্থায়/পাবলিক বিশ্ববিদ্যালয়ে ৫ম গ্রেডের পদে কমপক্ষে ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ নবম গ্রেড ও তদুর্ধ্ব গ্রেডের পদে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য নহে; এবং ই-লার্নিং ব্যবস্থাপনা ও তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষতা থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রী থাকিতে হইবে।

শর্তাবলীঃ

- উক্ত পদে আবেদনের নিমিত্তে Online Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ২৬-১০-২০২১ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ পাওয়া যাইবে। আগ্রহী প্রার্থীদের আগামী ২৫-১১-২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উক্ত ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।
- Online Application Form-এর প্রিন্ট কপি সহ সকল ডকুমেন্টস-এর সত্যায়িত কপি (এক সেট) ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ২৫-১১-২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌঁছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
- রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় বর্ণিত পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা পে-ট্রিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।
পে-ট্রিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী:
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দিতে হইবে অথবা সোনালী ব্যাংকের Online Payment Gateway ব্যবহার করিয়া মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন AMERICAN EXPRESS, VISA, DBBL NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে অনলাইনে টাকা ট্রান্সফার করিয়াও আবেদন করিতে পারিবেন।
Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।
- রীট পিটিশন নং-৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের যোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহারা সংশ্লিষ্ট পদে আবেদন করিতে পারিবেন এবং বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা তাহাদের ক্ষেত্রে শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

17.10.21

(মোল্লা মাহমুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

জাতীয় বিশ্ববিদ্যালয়